

উপপরিচালক মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রন, চট্টগ্রাম এর জীবনবৃত্তান্ত



মোঃ শাহজাদা খসরু
উপপরিচালক
মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রন, চট্টগ্রাম।

কৃষিবিদ মোঃ শাহজাদা খসরু ১০ জানুয়ারী ২০২১খ্রিঃ তারিখে মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রন, চট্টগ্রাম এর উপপরিচালক হিসেবে যোগদান করেন। এর পূর্বে তিনি জেলা মৎস্য কর্মকর্তা হবিগঞ্জ হিসেবে দায়িত্ব পালন করেন।

কৃষিবিদ মোঃ শাহজাদা খসরু বিসিএস (মৎস্য) ক্যাডারের একজন সদস্য। তিনি ১৩ তম বিসিএস (মৎস্য) ক্যাডারে ১৯৯৪ সালে উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। চাকরি জীবনে তিনি মৎস্য অধিদপ্তরের উপজেলা মৎস্য কর্মকর্তা, প্রকল্প কর্মকর্তা, মূল্যায়ন ও পরিবীক্ষণ কর্মকর্তা, উপ সহকারী পরিচালক, আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তা, উপপরিচালক হিসেবে সফলতা ও দক্ষতার সাথে তাঁর দায়িত্ব পালন করেন।

তিনি সাভার ক্যান্টনমেন্ট পাবলিক উচ্চ বিদ্যালয়, থেকে ১৯৮১ সালে এসএসসি, জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কলেজ, সাভার থেকে ১৯৮৩ সালে এইচ এস সি এবং ১৯৮৩-৮৪ সেশনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর মৎস্য বিজ্ঞান অনুষদে ভর্তি হয়ে বিএসসি ফিশারিজ (সম্মান) ডিগ্রী অর্জন করেন। একই বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিভাগ থেকে এমএসসি ইন ফিশারিজ ডিগ্রী অর্জন করেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে থাইল্যান্ড এবং চীনে প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, বিসিএস ফিশারিজ ক্যাডার এসোসিয়েশন, ত্রয়োদশ বিসিএস ফোরাম এর সদস্য ।

কৃষিবিদ মোঃ শাহজাদা খসরু ১৯৬৫ সালে ১৯ সেপ্টেম্বর ঢাকা জেলার সাভার উপজেলায় জন্ম গ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক।